# হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ হজ্জকারীর ভুলত্রুটি

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ছ. আরাফা দিবসের ভুলত্রুটি

আরাফার সীমানায় প্রবেশ না করেই উকুফ করা এবং সূর্যাস্তের পূর্বে মুযদালেফার উদ্দেশ্যে রওয়ানা হওয়া।

আরাফা মনে করে মসজিদে নামিরার সম্মুখ ভাগে উকুফ করা। অথচ এ অংশটি আরাফার সীমানার বাইরে।

জাবালে আরাফায়—যাকে লোকেরা জাবালে রহমত বলে—যাওয়াকে তাৎপর্যপূর্ণ ও বরকতময় মনে করা এবং সেখান থেকে বরকতের আশায় পাথর সংগ্রহ করা।

কিবলাকে পেছনে রেখে জাবালে আরাফার দিকে মুখ করে দোয়া করা।

সূর্যাস্তের পূর্বেই মুযদালেফার উদ্দেশ্যে আরাফা থেকে বের হয়ে যাওয়া।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3567

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন